দৈনিক ইনকিলাব

0 8 JUL 1987

তারিখ ...

পৃষ্ঠা ... ২ ...

২৩ শে আষাঢ় ১৩৯৪ বাং

25

সংসদে কামরুজ্জামানের দাবী

# শিক্ষা কমিশন সংশয়ের সৃষ্টি করেছে তা বাতিল করতে হবে

।। স্টাফ রিপোর্টার ।।

আওয়ামী লীগের সদস্য ও বেসরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির (কামরুজ্জামান) সভাপতি জনাব কামরুজ্জামান শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্প্রতি গঠিত শিক্ষা কমিশন বাতিলের দাবী জানিয়ে বলেছেন; এই কমিশন নিয়ে ইতিমধ্যেই জনমনে অনেক সংশয় সৃষ্টি হয়েছে।

গতকাল মঙ্গলবার জাতীয় সংসদে বাজেট আলোচনায় তিনি এ কথা বলেন।

জনাব কামরুজ্জামান বলেন, শিক্ষা ক্ষেত্রে আজ সবচেয়ে বেশী দুর্নীতি চলছে। এমন অনেক স্কুলের নামে অনুদান দেয়া হচ্ছে যা সম্পূর্ণ ভুয়া; ভুয়া শিক্ষকদের বেতন দেয়া হচ্ছে। আজ ঘুষ, দুর্নীতি শিক্ষা ব্যবস্থাকে পঙ্গু করে ফেলেছে।

তিনি বলেন, এসব দেখার জন্য ব্যবস্থা থাকলেও যারা পরিদর্শনে যান তারা অনেকেই ঘুষ গ্রহণ করেন।

তিনি বলেন, এ দেশে মাদ্রাসা শিক্ষকরা অনেক বেশী বেতন পাচ্ছেন। তারা সুযোগ-সুবিধাও পাচ্ছেন অনেক বেশী। এটা মাওলানা মান্নান সাহেবের প্রচেষ্টায় হয়েছে।

জনাব জামান বাংলাদেশের শিক্ষা সংস্কারের জন্য ভারতের পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা দেখে আসার জন্য শিক্ষামন্ত্রীর প্রতি আহবান জানান। তিনি

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## কামরুজ্জামান

প্রথম পৃষ্ঠার পর

পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থার ভূয়সী প্রশংসা করেন। একইভাবে ভারতের পশ্চিমবঙ্গের ভূমি সংস্কারের প্রশংসা করে ভূমি মন্ত্রীকে সে নীতি গ্রহণ করার আহবান জানান।

তিনি বাজেট বক্তৃতায় সরকারী স্কুলে ছাত্র বেতন বৃদ্ধির সমালোচনা করলে শিক্ষা উপ-মন্ত্রী জনাব গোলাম সারোয়ার মিলন জুবিলী স্কুলের ছাত্র বেতন কত তা জানতে চান। এই বিষয়ে আর দু'একজন সরকারী সদস্য জানতে চাইলেও জনাব কামরুজ্জামান সংসদে তার স্কুলের ছাত্র বেতন কত তা জানাননি।

উল্লেখ্য, জনাব জামান জুবিলী স্কুলের প্রধান শিক্ষক। জনাব কামরুজ্জামানের বক্তব্যের পর শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা সংস্কারের জন্য ভারতের পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা দেখে আসার যে প্রস্তাব বিরোধী দেলীয় সদস্য করেছেন তা বিশেষ প্রণিধানযোগ্য। প্রস্তাবটি বিবেচনা করা যেতে পারে।